

নেত্রকোণা জেলা পরিষদের মাসিক স্টাফ মিটিং (৩য় সভা) কার্যবিবরণী

সভার স্থান	:	জেলা পরিষদ মিলনায়তন
সভার তারিখ	:	০২/০১/২০২০ খ্রিঃ
সময়	:	বেলা ১২.০০ ঘটিকা
সভাপতি	:	জনাব প্রশান্ত কুমার রায়, চেয়ারম্যান জেলা পরিষদ, নেত্রকোণা।

উপস্থিত কর্মকর্তা/কর্মচারী হাজিরা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো : (অনুপস্থিতি : পরিশিষ্ট-'খ')

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপরঃ নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচনা ও সিদ্ধান্ত :

১) চেয়ারম্যান মহোদয় সকল ডাকবাংলো আধুনিক ও যুগউপযোগী করার লক্ষ্যে ডাকবাংলো টাইলস করার কথা সভায় তুলে ধরেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : আলোচনাস্তে জেলা পরিষদের সকল ডাকবাংলো টাইলস করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২) চেয়ারম্যান মহোদয় জেলা পরিষদের কেয়ারটেকার জনাব শেখ সাহেদ আলী ইত্তেকাল করায় শোক প্রকাশ করেন এবং সকল স্টাফদের নিয়ে এক মিনিট দাড়িয়ে নিড়বতা পালন করেন। তার মৃত্যুর শোকবার্তা সকল জেলা পরিষদে প্রেরণ করার নির্দেশনা দেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : আলোচনাস্তে সকল জেলা পরিষদে শোকবার্তা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩) চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, জেলা পরিষদের সকল কেয়ারটেকারগণ বিভিন্ন উপজেলা হতে এসে স্টাফ মিটিং এ যোগদান করেন। এতে দূরবর্তী উপজেলা হতে অনেক টাকা যাতায়াত ভাড়া দিয়ে আসতে হয়। তাদের যাতায়াত ভাড়া প্রদানের নিমিত্তে ভাতা প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : আলোচনাস্তে স্টাফ মিটিং এ বিভিন্ন উপজেলা হতে আগত কেয়ারটেকারগণদের ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪) চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, প্রতি ডাকবাংলোর বিদ্যুৎ বিল হতে কেয়ারটেকারগণের ব্যবহৃত ব্যক্তিগত বিদ্যুৎ বিল আলাদা করার বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : আলোচনাস্তে জেলা পরিষদের সকল ডাকবাংলোর বিদ্যুৎ বিল হতে কেয়ারটেকারদের ব্যবহৃত বিদ্যুৎ বিল আলাদা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫) পূর্বধলা ডাকবাংলোর কেয়ারটেকার সভায় জানান যে, পূর্বধলা ডাকবাংলোর বিভিন্ন কক্ষের ওয়াল এর প্লাস্টার পুরোনো হওয়ায় খসে খসে পড়ে যাচ্ছে। উক্ত প্লাস্টার ভেঙ্গে নতুন প্লাস্টার কাঁচ করার জন্য বলেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : আলোচনাস্তে পূর্বধলা ডাকবাংলোর প্লাস্টার কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৬) দুর্গাপুর ডাকবাংলোর চেয়ারটেকার সভায় জানান যে, দুর্গাপুর ডাকবাংলো প্রতিটি কক্ষের ১টি চেয়ার ও ১টি টেবিল না থাকায় বডারদের খুবই অসুবিধা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : আলোচনাস্তে প্রত্যেক ডাকবাংলোতে ও অডিটরিয়ামে চেয়ার ও টেবিলের পাশাপাশি একটি করে ডাস্টবিন সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়।

২২.০২.২০

পৃষ্ঠা : ০১/০৩